# তজুমদ্দিন উপজেলা পরিষদ এর জানুয়ারি/২০২২ মাসের মাসিক উন্নয়ন ও সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : মোশারেফ হোসেন দুলাল
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তজুমদ্দিন, ভোলা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

তারিখ : ২৫ জানুয়ারি ২০২২

**সভায় উপস্থিত সদস্যদের হাজিরা আলাদা রেজিষ্ট্রারে সংরক্ষিত :**

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তজুমদ্দিন, ভোলা সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা দপ্তর অনুযায়ী আলোচনা করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তজুমদ্দিন এর প্রতিনিধি সভায় জানান যে, চলতি মাসে কোন করোনা রোগী হাসপাতালে ভর্তি হয়নি। স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের ফাইজার টিকা প্রদান অব্যাহত আছে। এছাড়া নিয়মিত র‌্যাপিড এন্টিজেন টেষ্ট করা হচ্ছে। একইভাবে সিনোফার্ম, সিনোভ্যাক ও ফাইজার টিকা প্রদান করা হচ্ছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | টিকা কার্যক্রম চলমান থাকবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা তজুমদ্দিন, ভোলা। |
| ০২. | **উপজেলা প্রকৌশল বিভাগ :**<br>উপজেলা প্রকৌশলী, তজুমদ্দিন সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর সাধারণ বরাদ্দের আওতায় ১ম ও ২য় কিস্তিতে সর্বমোট ৫২,৩২,০০০/- টাকা পাওয়া গিয়েছে। সে হিসেবে ৩য় ও ৪র্থ কিস্তিসহ সর্বমোট ১,০৪,৬৪,০০০/- (এককোটি চারলক্ষ চৌষট্টি হাজার) বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে। তন্মধ্যে এডিপি প্রকল্পের আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫০,০০০/- টাকা রাখা হয়েছে। অবশিষ্ট ১,০৪,১৪,০০০/- টাকা রয়েছে। গত ২৩/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত প্রকল্প যাচাই-বাছাই কমিটির সভায় স্থানীয় চাহিদা ও বাস্তবতার প্রেক্ষিতে ১,০৫,৫০,০০০/- টাকার ৪৮টি স্কীম চূড়ান্তভাবে অনুমোদিত হয়েছে। বর্তমানে সম্ভাব্য অর্থ বরাদ্দের চেয়ে ১,৩৬,০০০/- টাকার স্কীম বেশী গ্রহণ করা হয়েছে। প্রকল্প যাচাই-বাছাই কমিটির সভায় অনুমোদিত স্কীমসমূহ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় অনুমোদনের প্রয়োজন রয়েছে। ১৮টি স্কীম সিপিসি এবং ৩০টি স্কীমের কাজ দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে টেন্ডার আহবানের অনুমতি প্রদানের জন্য তিনি সভার সিদ্ধান্ত কামনা করেন।। | ২০২১-২০২২ অর্থ বছরের অর্থ দ্বারা সিপিসি'র মাধ্যমে ১৮টি ও দরপত্রের মাধ্যমে ৩০টি সর্বমোট ৪৮ প্রকল্প বাস্তবায়ন করতে হবে। যা পরিশিষ্ট-ক তে দেখানো হলো। বরাদ্দের অতিরিক্ত ১,৩৬,০০০/- টাকার প্রকল্পের অর্থ পরবর্তী ২০২২-২০২৩ অর্থবছরে প্রাপ্ত বরাদ্দ হতে পরিশোধ করা হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, তজুমদ্দিন, ভোলা। |
| ০৩. | **উপজেলা কৃষি বিভাগ :**<br>উপজেলা কৃষি কর্মকর্তা তজুমদ্দিন, ভোলা সভায় জানান যে, জানুয়ারি ২০২২ মাসে ইউরিয়া ৩২৪ মে.টন, নন ইউরিয়া সার ৬৫৩.৯৫ মে.টন ছিল। উত্তোলন কার্যক্রম চলমান এবং সার মজুদ সন্তোষজনক।<br>তিনি আরো অবহিত করেন অত্র উপজেলায় ২০২১-২০২২ অর্থ বছরে চলতি রবি মৌসুমে কৃষি প্রনোদনায় ৫০০ কে উফসী বোরোধান প্রনোদনা দেয়া হয়েছে। এ ছাড়া আরও ১০০০ জন কৃষকের মাঝে ২ কেজি করে হাইব্রিড বোরা ধান বিতরণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় কৃষকদের মাঝে ৭০% ভর্তুকি মূল্যে কম্বাইন্ড হারভেস্টা, পাওয়ার থ্রেসার ও মেইজশেলার বিতরণ চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সার মজুদ স্বাভাবিক রাখতে হবে। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় বিতরণকৃত কৃষি যন্ত্রপাতি প্রকৃত কৃষকগণ যাতে পেতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা। |

চলমান পাতা-(০২)

| | | | |
|---|---|---|---|
| ০৪. | <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ</u> :<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, প্রাণিসম্পদ ও ডিইরি উন্নয়ন প্রকল্পের আওতায় "প্রাণিসম্পদ প্রদর্শনী ২০২২" আগামী ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত হবে। এতে প্রাণিসম্পদ সম্পর্কিত বিভিন্ন প্রযুক্তি উন্নত জাতের অধিক উৎপাদনশীল গবাদি পশু-পাখি প্রদর্শন করা হবে। গবাদি পশু ও হাস-মুরগির টিকা প্রদান কার্যক্রম স্বাভাবিক রয়েছে। মাঠ পর্যায়ে কোথাও গবাদি পশু ও হাস-মুরগির রোগের প্রাদুর্ভাব দেখা দিলে ইউনিয়ন চেয়ারম্যানগণকে প্রাণিসম্পদ দপ্তরে অবহিত করার জন্য অনুরোধ করেন। | প্রাণিসম্পদ প্রদর্শনী ২০২২ সুষ্ঠু ও সুন্দরভাবে সমাপ্ত করতে হবে। গবাদি পশু ও হাস-মুরগির রোগের প্রাদুর্ভাব দেখা দিলে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে অবহিত করতে হবে।<br>দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা প্রাণিস্পদ কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা। |
| ০৫. | <u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ</u> :<br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাসের প্রকোপ বৃদ্ধির ফলে গত ২২ জানুয়ারি থেকে হতে ০৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে। সকল শিক্ষক-শিক্ষিকাগণ ১ম ও ২য় ডোজ ১০০% গ্রহণ করেছে। কোন শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রী কোভিড-১৯ আক্রান্ত হওয়ার সংবাদ পাওয়া যায়নি। মাস্ক পড়ে সকলকে অফিসে আসার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্যবিধি মেনে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা। |
| ০৬. | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ</u> :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১২-১৮ বয়সী সকল শিক্ষার্থীকে কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদান কার্যক্রম ৯৩% সম্পন্ন হয়েছে। স্বাস্থ্যবিধি মেনে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী প্রায় ৯৫% বই প্রাপ্তি ও বিতরণ করা হয়েছে। করোনা ভাইরাসের প্রকোপ বৃদ্ধির ফলে গত ২২ জানুয়ারি থেকে হতে ০৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | টিকা কার্যক্রম চলমান থাকবে। স্বাস্থ্যবিধি মেনে বই বিতরণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা। |
| ০৭. | <u>উপজেলা মৎস্য বিভাগ</u> :<br>উপজেলা মৎস্য কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা, সভায় জানান যে, চলতি মাসে কম্বিং অপারেশনের ১ম, ২য় ও ৩য় ধাপ শেষ হয়েছে। আগামী ১৩ ফেব্রুয়ারি ২০২২ হতে ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত ৪র্থ ধাপ কার্যক্রম বাস্তবায়িত হবে।<br>এ ছাড়াও ১৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অত্র উপজেলার অতিদরিদ্র ১০ ইলিশ আহরণকারী জেলেদের মাঝে বকনা গরু বিতরণ করা হবে। ২য় ধাপে আরো ১৫টি বকনা গরু বিতরণ করা হবে। তিনি উক্ত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে প্রশাসনসহ সকলের সহযোগিতা কামনা করেন। | জাটকা রক্ষা কার্যক্রম বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচলনা অব্যহত থাকবে। বকনা গরু বিতরণে যাতে কোন অনিয়ম না হয় সে দিকে দৃষ্টি রাখতে হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা। |
| ০৮. | <u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ</u>:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের অতি দরিদ্র কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি) ১ম পর্যায়ে প্রকল্প ও উপকারভোগীর তালিকা ইউনিয়ন পরিষদ হতে দাখিল করার জন্য চেয়ারম্যানগণকে পত্র প্রদান করা হয়েছে। ১নং বড় মলংচড়া ও ৪নং চাঁচড়া ইউনিয়ন থেকে প্রকল্প ও উপকারভোগীল তালিকা পাওয়া গিয়েছে। অন্য ৩টি ইউনিয়ন হতে তালিকা পাওয়া যায়নি। নির্ধারিত সময়ের মধ্যে তালিকা প্রদান না করলে বরাদ্দ বাতিল হওয়ার সম্ভাবনা রয়েছে। ট্যাগ অফিসারের তালিকা নতুনভাবে প্রস্তুত করার জন্য অনুরোধ করেন। | ইজিপিপি প্রকল্পের উপকারভোগীদের নামসহ তালিকা দ্রুত দাখিল করতে হবে। ট্যাগ অফিসারদের নতুন তালিকা প্রস্তুত করতে হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তজুমদ্দিন, ভোলা।<br>২। চেয়ারম্যান, ইউপি (সকল), তজুমদ্দিন, ভোলা। |
| ০৯. | <u>উপজেলা সমাজসেবা বিভাগ</u> :<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা সভায় জানান যে, অধিদপ্তরের নিয়ম অনুযায়ী এ উপজেলায় সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বিভিন্ন ভাতা কার্যক্রম মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে নির্বাচিত ভাতাভোগীদের মোবাইলে হিসাব খোলার কার্যক্রম অব্যাহত আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভিন্ন ভাতা কার্যক্রমে যাতে কোন অনিয়ম না হয় সে বিষয়ে দৃষ্টি রাখতে হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা। |

চলমান পাতা-(০৩)

| | | | |
|---|---|---|---|
| ১০. | <u>উপজেলা সমবায় বিভাগ</u> :<br>উপজেলা সমবায় কর্মকর্তা তজুমদ্দিন, ভোলা সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে অডিটযোগ্য প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ৫৪টি, অডিস সম্পাদন হয়েছে ৪২টি, অডিটযোগ্য প্রাথমিক (বিআরডিবি) সমবায় সমিতির সংখ্যা ৯২টি, অডিট সম্পাদন হয়নি। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা। |
| ১১. | <u>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</u> :<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, জানুয়ারি ২০২২ মাস পর্যন্ত যুব প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৮০৮৭ জনকে। ২০২১-২০২২ অর্থবছরে যুব প্রশিক্ষণের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৪৫০ জন। চলতি মাসে ৩০ জনের ৮টি ব্যাচ প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। শুরু থেকে এ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ২,১৮,৫৫,০০০/- টাকা। এ পর্যন্ত আদায় করা হয়েছে ২,০৭,৭১,৫৫৪/- টাকা ও আদায়ের হার ৯৯%। জানুয়ারি মাসে যুব ঋণ আদায় ৮৭,৪০০/- টাকা এবং চলমান আদায়ের হার ১০০%। ডিসেম্বর মাসে কোন ঋণ বিরতণ করা হয়নি। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম চলমান রাখার পাশাপাশি দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা। |
| ১২. | <u>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর</u> :<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা সভায় জানান যে, ট্রেনিং সেন্টারের প্রশিক্ষণার্থীদেরকে মাস্ক ব্যবহার করে অফিস আসার জন্য বলা হয়েছে। যারা এখনো টিকা নেননি তাদের টিকা নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা। |
| ১৩. | <u>উপজেলা খাদ্য বিভাগ</u> :<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তজুমদ্দিন, ভোলা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তজুমদ্দিন, ভোলা। |
| ১৪. | <u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</u> :<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা জানান যে, উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা। |
| ১৫. | <u>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বিভাগ</u> :<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তজুমদ্দিন, ভোলা সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে ইউনিয়ন অনুযায়ী গভীর নলকূপের তালিকা সকল ইউনিয়ন হতে পাওয়া গেছে। উক্ত তালিকা উপজেলা ওয়ার্ডসান কমিটির রেজুলেশনসহকারে জেলা কার্যালয়ে প্রেরণের কার্যক্রম চলমান আছে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ২০২১-২০২২ অর্থ বছরের বরাদ্দকৃত নলকূপের তালিকা জেলা কার্যালয়ে দ্রুত প্রেরণের ব্যবস্থা করতে হবে। | ১। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>২। চেয়ারম্যান, ইউপি (সকল), তজুমদ্দিন। |
| ১৬. | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</u> :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা সভায় জানান যে, ডিসেম্বর ২০২১ মাসের কার্যক্রম ১.) স্বল্পমেয়াদী পদ্ধতি নতুন গ্রহণকারী ২৩৮ জনসহ সর্বমোট ১৬৫৬৫ জন। ২.) পরিবার পরিকল্পনা সেবা দীর্ঘমেয়াদী পদ্ধতি নতুন গ্রহণকারী ৭৩ জনসহ সর্বমোট ২৮৭৮ জন। ৩.) পরিবার পরিকল্পনা সেবা স্থায়ী পদ্ধতি নতুন গ্রহণকারী ০৭ জন এপর্যন্ত সর্বমোট ১৬০৫ জন। ৪.) উপজেলায় মোট দম্পতি ২৫৯৩৯ জন এবং মোট গ্রহণকারী ২১০৪৮ এবং পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর) ৮১.১৪%। ডিসেম্বর ২০২১ মাসের নতুন গর্ভবতী ১২২ জনসহ ইউনিয়নে মোট গর্ভবতী ১০৯২ জন। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা। |
| ১৭. | <u>উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ</u> :<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, |
| ১৮. | <u>উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক</u> :<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তজুমদ্দিন, ভোলা এর প্রতিনিধি সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার, তজুমদ্দিন, ভোলা। |

চলমান পাতা-(০৪)

| | | | |
|---|---|---|---|
| ১৯. | **উপজেলা বনবিভাগ :** রেঞ্জ কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা এর প্রতিনিধি সভায় জানান যে, তজুমদ্দিন উপজেলায় ১৩১টি পরিবারের জন্য ২০টি করে চারা বিনামূল্যে বিতরণের লক্ষ্যে উপজেলা নার্সারি কেন্দ্রে মোট ২৬২০টি চারা উত্তোলনের প্রাথমিক কাজ ও ২০১৯-২০২০ অর্থবছরে সৃজিত ১০.০০ সি:কি:মি: বাঁধ ও স্ট্রীপ বাগানের শূন্যস্থান পূরণের জন্য ২০০০টি চারা উত্তোলনের প্রাথমিক কাজ চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | বিনামূল্যে চারা বিতরণ কার্যক্রমে কোন অনিয়ম না হয় সে দিকে দৃষ্টি রাখতে হবে।<br>দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | রেঞ্জ কর্মকর্তা, দৌলতখান রেঞ্জ তজুমদ্দিন, ভোলা। |
| ২০. | **উপজেলা পরিসংখ্যান বিভাগ :** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা। |
| ২১. | **উপজেলা তথ্যসেবা কর্মকর্তা :** উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা সভায় জানান যে, জানুয়ারি ২০২২ মাসে ১৫০ জন নারীকে ডোর টু ডোর সেবা প্রদান ও ৫০ জন নারীকে তথ্যকেন্দ্রে সেবা প্রদান এবং প্রকল্পের এমআইএস সফটওয়ারে অন্তর্ভূক্ত করা হয়েছে। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা। |
| ২২. | **বিদ্যুৎ বিভাগ :** সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, তজুমদ্দিন সভায় উপস্থিত না থাকায় বিদ্যুৎ বিভাগ সম্পর্কে কিছু জানা যায়নি। | কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, তজুমদ্দিন, ভোলা। |

২৩. **বিবিধ :**

১। উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা সভায় অবহিত করেন যে, ১৪২৮ বাংলা সনের জন্য উপজেলায় মোট ১৫টি হাট বাজার ইজারা প্রদান করা হয়েছিল। সরকারি নির্দেশনা অনুযায়ী বাংলা সনের মাঘ মাস হতে ইজারা কার্যক্রম শুরু করতে হয়। এ প্রেক্ষিতে তিনি ১৪২৯ বাংলা সনের জন্য হাট বাজার ইজারা প্রদানের কার্যক্রম গ্রহণের বিষয়ে সভাকে অবহিত করেন।

সিদ্ধান্ত : সরকারি নির্দেশনা মোতাবেক তজুমদ্দিন উপজেলার হাট বাজার ১৪২৯ বাংলা সনের জন্য ইজারা কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পাদন করতে হবে।

২। উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা সভায় অবহিত করেন যে, নদী ভাঙ্গনজনিতকারণে ১নং বড় মলংচড়া ইউনিয়নের ওয়ার্ডসমূহ পুন:গঠনের জন্য জনাব মোঃ নূর নবী সিকদার, চেয়ারম্যান, বড় মলংচড়া ইউনিয়ন কর্তৃক জেলা প্রশাসক, ভোলা মহোদয় বরাবরে একখানা আবেদন করেছেন। উক্ত আবেদনটি জেলা প্রশাসক, ভোলা মহোদয় বরাবরে প্রেরণ করা হবে। এ বিষয়ে ইতোপূর্বে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে একটি কমিট গঠন করা হয়েছিল, তবে উক্ত কমিটি থেকে কোন প্রতিবেদন পাওয়া যায়নি।

এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, বড় মলংচড়া ইউনিয়নে দীর্ঘ ১৯ বছর নির্বাচন অনুষ্ঠিত হয়নি। জরুরিভিত্তিতে এ ইউনিয়নে নির্বাচন অনুষ্ঠিত হওয়া প্রয়োজন। এ জন্য ইউনিয়নে বিদ্যামান আয়তনের মধ্যে ওয়ার্ডসমূহ গুর্নগঠন করা প্রয়োজন। তিনি সভায় নতুন সদস্যদের অন্তর্ভূক্ত করে নতুন একটি কমিটি গঠনের জন্য অনুরোধ করেন। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

| | |
|---|---|
| ১। জনাব মোঃ রাশেদুল হাসান, উপজেলা একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, তজুমদ্দিন | সভাপতি |
| ২। জনাব ইন্দ্রজিৎ চন্দ্র দেবনাথ, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা শিক্ষা অফিস, তজুমদ্দিন | সদস্য |
| ৩। জনাব পশাল চক্রবর্তী, উপজেলা বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, তজুমদ্দিন | সদস্য |
| ৪। জনাব মোঃ রফিকুল ইসলাম, কানুনগো, উপজেলা ভূমি অফিস, তজুমদ্দিন | সদস্য |
| ৫। সচিব, বড় মলংচড়া ইউনিয়ন পরিষদ, তজুমদ্দিন | সদস্য |
| ৬। জনাব মোঃ নাসিম উদ্দিন, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, তজুমদ্দিন | সদস্য-সচিব |

গঠিত কমিটি জরুরীভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা এর কার্যালয়ে প্রতিবেদন দাখিল করবেন।

৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা সভায় জানান যে, উপজেলা পরিষদের পুরাতন ভবনের অফিস কক্ষসমূহ ও হলরুমটি খুবই জরাজীর্ণ হওয়ায় ব্যবহারের অনুপযোগি হয়ে পড়েছে। তিনি অফিসের কক্ষসমূহ ও হলরুমটি জরুরীভিত্তিতে মেরামতের জন্য প্রস্তাব করলে তা সভায় অনুমোদিত হয়।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদের পুরাতন ভবনের অফিস কক্ষসমূহ ও হলরুমটি মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা ও উপজেলা প্রকৌশলী, তজুমদ্দিন, ভোলা এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

চলমান পাতা-(০৫)

| ক্রঃ নং | স্কীমের নাম | ইউনিয়ন | টাকার পরিমান | টেন্ডার/পিআইসি |
|---|---|---|---|---|
| ৩০ | ৩নং ওয়ার্ডে সফিউল্লাহ মেম্বারের বাড়ীর দঃ পার্শ্বে রাস্তার উপর কালভার্ট নির্মাণ | | ২০০০০০ | টেন্ডার |
| ৩১ | সোনাপুর গুচ্ছগ্রামের অভ্যন্তরীন সড়ক উন্নয়ন। | সোনাপুর | ২০০০০০ | পিআইসি |
| ৩২ | ইন্দ্রনারায়নপুর চৌধুরী বাড়ীর সড়কের অবশিষ্ট অংশ পুণঃ নির্মাণ। | সোনাপুর | ১৫০০০০ | টেন্ডার |
| ৩৩ | ইন্দ্রনারায়নপুর উত্তর চন্ডিপুর বিদ্যালয়ের নিকট থেকে হাসান নগর মুখী সড়ক নির্মাণ। | সোনাপুর | ২০০০০০ | টেন্ডার |
| ৩৪ | শিবপুর তোরাব আলী পাটোয়ারী বাড়ীর মসজিদের ঘাটলা নির্মাণ। | শম্ভুপুর | ২০০০০০ | টেন্ডার |
| ৩৫ | শিবপুর আবদুল্লাহ মুন্সি বাড়ীর মসজিদের সড়ক উন্নয়ন। | শম্ভুপুর | ২০০০০০ | টেন্ডার |
| ৩৬ | চাঁদপুর ৭নং ওয়ার্ডে পঞ্চায়েত কান্দি বড় বাড়ীর অভ্যন্তরীন সড়ক উন্নয়ন। | চাঁদপুর | ৪০০০০০ | টেন্ডার |
| ৩৭ | চাঁদপুর ৫নং ওয়ার্ডে স্লুইজ ঘাটে মসজিদের টয়লেট নির্মাণ। | চাঁদপুর | ২০০০০০ | পিআইসি |
| ৩৮ | তিতাজির বাড়ীর দক্ষিণ পার্শ্বে কালভার্টসহ সড়ক উন্নয়ন। | চাঁদপুর | ২০০০০০ | টেন্ডার |
| ৩৯ | শম্ভুপুর ইউনিয়নের ৬নং ওয়ার্ডে আদর্শ গ্রামের পার্শ্বে কালভার্ট নির্মাণ। | শম্ভুপুর | ১৫০০০০ | টেন্ডার |
| ৪০ | ফায়ার সার্ভিস সংলগ্ন মাদ্রাসার অবশিষ্ট কাজ সমাপ্ত করন। | চাঁদপুর | ৪০০০০০ | টেন্ডার |
| ৪১ | চর জহিরউদ্দিন নুরুল ইসলাম চৌধুরী বাজার সংলগ্ন নুরানী হাফেজিয়া মাদ্রাসা সংলগ্ন ঘাটলা নির্মাণ। | সোনাপুর | ২০০০০০ | পিআইসি |
| ৪২ | চর জহিরউদ্দিন ৩নং ওয়ার্ডে মাকসুদ দোকাকদারের বাড়ীর পূর্ব পার্শ্বে রাস্তার উপর কালভার্ট নির্মাণ। | সোনাপুর | ১০০০০০ | পিআইসি |
| ৪৩ | চাঁদপুর ইউনিয়নের নকুল সরকারের দোকান হইতে হাসপাতাল পর্যন্ত সড়কের ভাংগা রাস্তার পার্শ্বে প্যালাসাইডিংসহ মাটি ভরাট। | চাঁদপুর | ২০০০০০ | পিআইসি |
| ৪৪ | চাঁদপুর ইউনিয়নের বিভিন্ন স্থানে জলাবদ্ধতা নিরষনের জন্য কাঁচা ড্রেণ নির্মাণ। | চাঁদপুর | ২০০০০০ | টেন্ডার |
| ৪৫ | চাঁদপুর ইউনিয়নে ৮নং ওয়ার্ডে পন্ডিত কান্দি ব্রীজ হতে বাদুরা ব্রীজ সড়কে ভাংগা অংশে প্যালাসাইডিং করন ও উত্তর আড়ালিয়া UZR সড়ক থেকে আড়ালিয়া UZR সড়কের ভাংগা অংশে প্যালাসাইডিং করন। | চাঁদপুর | ২০০০০০ | পিআইসি |
| ৪৬ | চাঁচড়া ইউপি অফিস হতে খাসের হাট সড়ক মেরামত। | চাঁচড়া | ২০০০০০ | পিআইসি |
| ৪৭ | পঃ গোলকপুর কুট্রি মিয়া দারুল উলুম মাদ্রাসা সংলগ্ন বেতুয়া খালে ঘাটলা নির্মাণ। | শম্ভুপুর | ২০০০০০ | পিআইসি |
| ৪৮ | দেবীপুর ইসলামীয়া ফাজিল মাদ্রাসা মসজিদের পুকুরে ঘাটলা নির্মাণ। | শম্ভুপুর | ২০০০০০ | পিআইসি |
| | সর্বমোট = | | ১০৫৫০০০০/= | |
| | ০.৫০% আনুষাঙ্গিক খরচ= | | ৫০০০০/= | |
| | সর্বমোট টাকা = | | ১০৬০০০০০/= | |

কথায় ঃ এককোটি ছয়লক্ষ টাকা মাত্র।

০৪ (চার) কিস্তিতে সর্বমোট বরাদ্দ = ১,০৪,৬৪,০০০/=

(মোশারেফ হোসেন দুলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তজুমদ্দিন, ভোলা।

পরিশিষ্ট "ক"

## এডিপি/২০২১-২০২২ ইং অর্থ বছরের অনুমোদিত স্কীম তালিকা

| ক্রঃ নং | স্কীমের নাম | ইউনিয়ন | টাকার পরিমান | টেন্ডার/পিআইসি |
|---|---|---|---|---|
| ০১ | হোসনেয়ারা চৌধুরী মহিলা কলেজের বাউন্ডারী ওয়াল নির্মাণ ও মেরামত এবং লাইব্রেরী ভবনের বিদ্যুৎ উন্নয়ন। | চাঁদপুর | ৪০০০০০ | টেন্ডার |
| ০২ | হোসনেয়োরা চৌধুরী মহিলা কলেজের ল্যাব উন্নয়ন ও টিনসেড মেরামত | চাঁদপুর | ৪০০০০০ | টেন্ডার |
| ০৩ | মাননীয় প্রধানমন্ত্রীর ঘরে বসবাসকারী দরিদ্র জনগোষ্ঠীর জন্য বেড়ীতে সংযোগ সিড়ি স্থাপন। | চাঁদপুর | ৩৭৫০০০ | টেন্ডার |
| ০৪ | মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ন প্রকল্প স্থলে শিশুদের বিনোদনের জন্য খেলার রাইড স্থাপন ও হক রোড এর সহিত মিজান মেম্বারের বাড়ী পর্যন্ত সড়ক সংস্কার। | চাঁদপুর | ২০০০০০ | পিআইসি |
| ০৫ | (ক) চাঁচড়া জিনাজি বাড়ীর পুকুরের পার্শ্বে রাস্তা সংলগ্ন অংশে প্যালাসাইডিং করন কাজ (খ) জিনাজি বাড়ীর পুকুরের ঘাটলা নির্মাণ। | চাঁচড়া | ২০০০০০ | পিআইসি |
| ০৬ | ইন্দ্রনারায়নপুর আসকর বাড়ীর মসজিদের পূর্ব পাশে ঘাটলা নির্মাণ। | সোনাপুর | ২০০০০০ | পিআইসি |
| ০৭ | শশীগঞ্জ দক্ষিণ বাজার জামে মসজিদের টয়লেট মেরামত ও সেফটিক ট্যাংকি নির্মাণ। | চাঁদপুর | ১০০০০০ | পিআইসি |
| ০৮ | চাঁদপুর ১নং ওয়ার্ড ভলুমিয়ার বাড়ির দরজায় টয়লেট নির্মাণ। | চাঁদপুর | ১০০০০০ | পিআইসি |
| ০৯ | শাজাহান হাওলাদারের বাড়ী হতে রায়মোহনের বাড়ী পর্যন্ত সিসি রাস্তা নির্মাণ। | শম্ভুপুর | ১৫০০০০ | টেন্ডার |
| ১০ | শম্ভুপুর ৫নং ওয়ার্ডে ফারুক মিয়ার বাড়ীর পশ্চিম পার্শ্বে রাস্তার উপর কালভার্ট নির্মাণ। | শম্ভুপুর | ১৫০০০০ | টেন্ডার |
| ১১ | মূল সড়ক হতে ছায়েদুজ্জামানের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ | শম্ভুপুর | ১৫০০০০ | টেন্ডার |
| ১২ | চর মোজাম্মেল মুক্তিযোদ্ধা বাজারে পাবলিক টয়লেট নির্মাণ | চাঁদপুর | ১৫০০০০ | টেন্ডার |
| ১৩ | পঞ্চপল্লী মাধ্যমিক বিদ্যালয়ের আসবাবপত্র সরবরাহ। | শম্ভুপুর | ১০০০০০ | টেন্ডার |
| ১৪ | শম্ভুপুর হোসাইনিয়া হাফিজিয়া ও নুরানী মাদ্রাসায় টয়লেট নির্মাণ। | শম্ভুপুর | ১৫০০০০ | টেন্ডার |
| ১৫ | শিবপুর খাসের হাট এলজিইডি রোড হতে পোদ্দার বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসি করন। | চাঁদপুর | ২০০০০০ | পিআইসি |
| ১৬ | চাঁদপুর ইউনিয়নে কামার পট্রি সড়কে খালের উপর ব্রীজ নির্মাণ। | চাঁদপুর | ১০২৫০০০ | টেন্ডার |
| ১৭ | চাঁচড়া ইউনিয়নে মতিন মাওলানার বাড়ীর সামনে রাস্তা মেরামত। | চাঁদপুর | ১০০০০০ | টেন্ডার |
| ১৮ | উপজেলার পশ্চিম পার্শ্বে মন্দিরের রাস্তা সিসি করন। | চাঁদপুর | ১৫০০০০ | টেন্ডার |
| ১৯ | আলহাজ্ব নুরুল ইসলাম চৌধুরী হাফেজিয়া নুরানী ও লিল্লাহ বোর্ডিং এর টয়লেট নির্মাণ। | চাঁদপুর | ৪০০০০০ | টেন্ডার |
| ২০ | চাঁদপুর ৯নং ওয়ার্ডে পূর্ব কেয়ামুল্যাহ জামে মসজিদের ঘাটলা নির্মাণ। | চাঁদপুর | ২০০০০০ | টেন্ডার |
| ২১ | শম্ভুপুর ৩নং ওয়ার্ডে গোলকপুর ফরাজি বাড়ীর মসজিদ হতে উপজেলা সড়ক পর্যন্ত রাস্তা সিসি করন। | শম্ভুপুর | ২০০০০০ | টেন্ডার |
| ২২ | চাঁদপুর ৮নং ওয়ার্ডে মরহুম নাসির উদ্দিন দুলাল মিয়ার বাড়ীর দরজা হতে মতি মিয়ার বাড়ীর মসজিদ পর্যন্ত রাস্তা সংস্কার। | চাঁদপুর | ২০০০০০ | টেন্ডার |
| ২৩ | শম্ভুপুর দারুল উলুম ইসলামিয়া হাফেজিয়া মাদ্রাসার পুকুরের ঘাটলা নির্মাণ। | শম্ভুপুর | ২০০০০০ | টেন্ডার |
| ২৪ | চাঁদপুর ৭নং ওয়ার্ডে পঞ্চায়েত কান্দি বড় বাড়ীর মসজিদ সংলগ্ন রাস্তার উপর কালভার্ট নির্মাণ। | চাঁদপুর | ১৫০০০০ | টেন্ডার |
| ২৫ | তজুমদ্দিন খাসের হাট সড়কে রাস্তার ইমারজেন্সি প্যালাসাইডিং ও রাস্তা সংস্কার | চাঁদপুর | ১৫০০০০ | টেন্ডার |
| ২৬ | ভুলু মিয়ার বাড়ীর পার্শ্বে ইউড্রেণ নির্মাণ। | চাঁদপুর | ১০০০০০ | পিআইসি |
| ২৭ | তজুমদ্দিন শশীগঞ্জ মুক্তিযোদ্ধা কমপ্লেক্স সংলগ্ন পাবলিক টয়লেটের সিসি রাস্তা ও গভীর নলকূপ স্থাপন | চাঁদপুর | ২০০০০০ | পিআইসি |
| ২৮ | চাঁচড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের পাটোয়ারী বাড়ীর সামনে বক্স কালভার্ট নির্মান | চাঁচড়া | ১৫০০০০ | পিআইসি |
| ২৯ | চাঁদপুর ১নং ওয়ার্ডে ডিসি রোড মোস্তফা কসাইর দোকান ঘর হইতে পূর্ব দিকে লিটন মহাজনের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ | চাঁদপুর | ৩০০০০০ | টেন্ডার |

৪। উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা বলেন উপজেলা পরিষদের জন্য নতুন ভবন নির্মাণ হওয়ায় উপজেলার অফিসসমূহ নতুন ও পুরাতন ভবনসমূহে স্থানান্তরিত হয়েছে কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, সকল দপ্তরের বিদ্যুৎ বিল উপজেলা পরিষদ ও নির্বাহী অফিসারের কার্যালয়ের নামে প্রেরণ করছে। এ সমস্যা সমাধানের জন্য স্ব-স্ব দপ্তরের স্বতন্ত্র বৈদ্যুতিক মিটার স্থাপন/স্থানান্তর করা প্রয়োজন। অন্যথায় উপজেলা পরিষদকে সকল অফিসের বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে। বিষয়টি জরুরিভিত্তিতে সংশ্লিষ্টদের সমাধান করতে হবে।

সিদ্ধান্ত : প্রত্যেক দপ্তরের জন্য আলাদা আলাদা/স্বতন্ত্র মিটার স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, তজুমদ্দিনকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।

৫। উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন সভায় অবহিত করেন যে, তাঁর দপ্তর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর দপ্তর ও নতুন ভবনের মিটিং হলে আসবাবপত্র না থাকায় দাপ্তরিক ও সভার কাজে সমস্যা সৃষ্টি হয়। তিনি সভায় নতুন আসবাবপত্র ক্রয়ের প্রস্তাব করেন যা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসার এর দপ্তর, চেয়ারম্যান উপজেলা পরিষদ মহোদয়ের দপ্তর ও নতুন ভবনের সভাকক্ষের জন্য আসবাবপত্র ক্রয় করা হবে। উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা এ বিষয়ে পরবর্তী পয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তজুমদ্দিন সভায় বলেন যে, চাঁদপুর ইউনিয়নের কেয়ামূল্যা মৌজার কৃষ্ণ মজুমদার রোডে বাসি দাসের বাড়ীর সামনে আয়রন ব্রীজটি কে বা কাহারা রাতের আধারে চুরি করে নিয়ে যায় এবং ব্রিজটি না পাওয়ার বিষয়ে কোন তথ্য কোন দপ্তরের কাছে পাওয়া যায়নি। ব্রিজটি সরকারি সম্পত্তি যা উদ্ধারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। সভায় উপজেলা নির্বাহী অফিসার ব্রিজটি অনুসন্ধানের জন্য একটি কমিটি গঠনের প্রস্তাব করেন। প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপে গঠন করা হলো:

| | |
|---|---|
| ১। উপজেলা প্রকৌশলী, তজুমদ্দিন, ভোলা | আহবায়ক |
| ২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা | সদস্য |
| ৩। উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা | সদস্য |
| ৪। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তজুমদ্দিন, ভোলা | সদস্য |

উপরোক্ত কমিটিকে আগামী ১ মাসের মধ্যে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

পরিশেষে উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোশারেফ হোসেন দুলাল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তজুমদ্দিন, ভোলা।

স্মারক-০৫.১০.০৯৯১.০০০.০১.০১০.২১-৭৬

তারিখ : ০৭ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য ১১৭, ভোলা-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, ভোলা।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তজুমদ্দিন, ভোলা।
৬। উপজেলা, ..................................................., কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা।
৭। চেয়ারম্যান, ..................................................., ইউনিয়ন পরিষদ, তজুমদ্দিন, ভোলা।
৮। জনাব, ..................................................., তজুমদ্দিন, ভোলা।
৯। অফিস কপি।

9/2/22
মরিয়ম বেগম
উপজেলা নির্বাহী অফিসার
তজুমদ্দিন, ভোলা।